হরিনাকুন্ডুতে জাতীয় যুব দিবস উপলক্ষে যুব সমাবেশ অনুষ্ঠিত

“দক্ষ যুব সমৃদ্ধ দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ” প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিনাকুন্ডুতে জাতীয় যুব দিবস-২০২১ উপলক্ষে যুব সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১ টায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন, মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, মুক্তি যোদ্ধা কমান্ডার মহি উদ্দীন, পৌর মেয়র ফারুক হোসেন, থানা অফিসার ইনর্চাজ (ওসি) আব্দুল রহিম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেন, ইউপি চেয়ারম্যান রাকিবুল ইসলাম রাসেল, মোহাম্মদ আলীসহ বিভিন্ন স্কুল কলেজের প্রধানগণ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকৃন্দ প্রমূখ।

পরে যুব প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র এবং যুব ঋণ ও যুব কল্যাণ তহবিলের চেক বিতরণ করা হয়।

একদিনের সংক্ষিপ্ত সফরে মেহেরপুর আসছেন দুই প্রতিমন্ত্রী

একদিনের সংক্ষিপ্ত সফরে মেহেরপুর আসছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এবং তথ্য ও প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক

সোমবার সকালে হেলিকপ্টারযোগে প্রতিমন্ত্রীদ্বয় মেহেরপুরে এসে পৌঁছাবেন। সকাল ১০ টায় মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তর সংলগ্ন স্থানে শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে যোগদান করবেন।

জীবননগরে নদীতে বাঁধ নির্মাণ করে মাছ চাষ-জনসাধারণের প্রবেশ নিষেধ

জীবননগর উপজেলার করতোয়া নদীতে বাঁধ দিয়ে মাছ চাষ শুরু করেছেন বাকা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান রবিউল ইসলাম ও তার অনুসারীরা। করতোয়া নদীটি দীর্ঘদিন অবহেলায় বিলিন হয়ে যাওয়ার মত পড়ে ছিল কিন্তু বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগে মরা করতোয়া নদী আবারও পুনঃখনন করে সাধারন মানুষের জন্য উন্মুক্ত করে দেওয়ার ঘোষনা দেন । এদিকে করতোয়া নদী খনন কাজ শেষ হতে না হতেই করতোয়া নদীর দিকে নজর পড়েছে দখলদারদের।

এই নদীতে এলাকার মানুষ গোসল করা, মাছ ধরা থেকে শুরু করে নানা কাজে ব্যবহার করেন। সেই নদীতে হঠাৎ করে বাকা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান রবিউল ইসলাম ও স্থানীয় ক্ষমতাশীন দলের বেশ কিছু প্রভাবশালী বাঁধ দিয়ে মাছ চাষ শুরু করেছেন। জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের পাথিলা গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে করতোয়া নদী।

স্থানীয়রা বলছেন, বছরের পর বছর এই নদীর সরকারি জায়গার কিছু অংশ জনসাধারণের জন্য উন্মক্ত ছিল। আর কিছু অংশ রবিউল মেম্বার ও তার অনুসারীরা ইজারা নেওয়ার দাবি করে বাধ দিয়ে মাছ চাষ করে আসছে। সরকারি ভাবে নতুন করে খনন করা করতোয়া নদী আবারও বাঁধ দিয়ে মাছ চাষ করছে। এ মাছ চাষ করার কারণে কাউকে সেখানে নামতে দেওয়া হচ্ছে না। পাথিলা গ্রামের একাধিক ব্যক্তি জানান, তাদের গ্রামের পাশ দিয়ে করতোয়া নদী বয়ে গেছে। নদীটি ভারত থেকে বাংলাদেশে প্রবেশ করে আবার ভারতে চলে গেছে।

গঙ্গাদাশপুর গ্রামের আমিনুর রহমানের বাড়ির নিচ থেকে পাথিলা গ্রামের ব্রীজ পর্যন্ত বাঁধ দেওয়া হয়েছে। বাঁধটি দিয়েছেন বাকা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান পাথিলা গ্রামের রবিউল ইসলামসহ তার অনুসারীরা। গত এক মাস হলো তারা হঠাৎ করে ওই করতোয়া নদীতে বাঁধ দেন। আনুমানিক ১২ একর জলাকার এই বাঁধ দিয়ে আটকে ফেলে জলাশয়ে তারা মাছ ছেড়েছেন। পাথিলা গ্রামের মানুষ এই নদী নানা প্রয়োজনে ব্যবহার করেন। তাই দখলকারীকে বাঁধ না দেওয়ার জন্য তারা অনুরোধ করেছেন।

গ্রামবাসী অভিযোগ করে বলেন, রবিউল ইসলাম স্থানীয় ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান যে কারণে রবিউল ইসলাম কারও কোনো কিছুই মানতে চান না। বিষয়টি নিয়ে সরকারের উচ্চ পর্যায়ের হস্তক্ষেপ কামনা করেছেন স্থানীয় জনগনসহ সুধী মহল।

এ বিষয়ে দখলকারি বাকা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান রবিউল ইসলামের সঙ্গে কথা বললে তিনি জানান, এই নদীটা ইউএনওর নিকট থেকে বদ্ধ জলাশয় হিসাবে ১৯৯০ সালে গনস্বাস্থ এনজিওর মাধ্যমে বরাদ্ধ নেওয়া হয় । পরবতীতে আমরা যুব সমবায়ের মাধ্যমে এ মাছ চাষ করে থাকি। এটা আমরা ইজারার মাধ্যমে মাছ চাষ করে থাকি প্রতি বছর আমরা খাজনা দিয়ে আসছি এ বছরও খাজনা দেওয়া হয়েছে।

বাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের জানান, তিনি ঘটনাটি জানেন না এবং এ ধরনের কোন নদী ইজারা দেওয়া হয়েছে কি না সেটাও তিনি জানেন না । তবে রবিউল ইসলাম মেম্বার তিনি দীঘ দিন যাবৎ এ নদীতে মাছ চাষ করছেন বলে জানান।

জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আরিফল ইসলাম জানান, বিষয়টি তিনি অবগত নন। তবে খোঁজ নিয়ে ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

কোটচাঁদপুরে পুলিশের ওপেন

হাউজ ডে অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুলিশের ওপেন হাউজ ডে অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকালে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে এই ওপেন হাউজ ডে অনুষ্ঠিত হয়।

“পুলিশই জনতা জনতাই পুলিশ” এই প্রতিপাদ্য নিয়ে ওপেন হাউজ ডে অনুষ্ঠানে পারিবারিক সহিংসতা, ইভটিজিং, বাল্যবিবাহ, আত্মহত্যা, নারী ও শিশু নির্যাতন নিয়ে আলোচনা করা হয়।

থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোঃ মোহাইমিনুল ইসলাম। বিশেষ অতিথি উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর ফাঁড়ি ইনচার্জ আক্তারুজ্জামান লিটন, পৌর প্যানেল মেয়র শেখ সোহেল আরমান।

সেকেন্ড অফিসার এসআই আব্দুল মান্নানের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, পৌর কাউন্সিলর জাহিদ হোসেন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন, ইমাম সমিতির সভাপতি হাফেজ রবিউল ইসলাম, ব্যবসায়ী দেলোয়ার হোসেন প্রমূখ। এসময় রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় শীতকালীন সার, বীজ ও কৃষিযন্ত্র বিতরণ

আলমডাঙ্গায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ২০২১-২০২২ অর্থ বছরে রবি ২০২১-২০২২ মৌসুমে গম, ভূট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ ও মসুর ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি পালন করা হয়।

এছাড়াও “সমন্ধিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ ”

প্রকল্পের আওতায় চলতি আমন মৌসুমে উন্নয়ন সহায়তার আওতায় কম্বাইন হারভেস্টার, রিপার ও মেইজ শেলার যন্ত্র বিতরণ কাজের উদ্বোধন করে এমপি-ছেলুন জোয়াদ্দার। গতকাল রবিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিস প্রাঙ্গণে এ প্রণোদনা ও যান্ত্রিকীকরণ সামগ্রী বিতরণ করেন।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, বর্তমান দেশের মানুষ না খেয়ে থাকতে হয় না। সরকার করোনাকালীন সময়ে কৃষি খাতে প্রণোদনার মাধ্যমে কৃষি উন্নয়ে অগ্রগতি ভুমিকা পালন করেছে।

তিনি আরো বলেন, সরকার বিভিন্ন উন্নয়ন মূলক মেগা প্রকল্পের মাধ্যমে দেশের চিত্র পরিবর্তন করে দিয়েছে। পদ্ম সেতু ও কর্ণফুলী টানেল নির্মাণের মাধ্যমে দেশের সড়ক ও যোগাযোগব্যবস্থা উন্নতি করণের পথে।এছাড়াও কৃষি প্রণোদনা ও যান্ত্রিকীকরণ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মূল প্রবন্ধক হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা হোসেন শহীদ সরোওয়ার্দী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক লিটু বিশ্বাস, ভাইসচেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইসচেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, আলমডাঙ্গা উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, মৎস্য কর্মকর্তা কামরুন্নাহার আখি, তথ্য আপা মহিলা কর্মকর্তা স্নিগ্ধা দাস, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, কুমারি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কালাম হোসেন, উপজেলা আওয়ামীলীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পাইলট স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সমীর কুমার দে প্রমূখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা

হরিনাকুন্ডুতে পানিতে ডুবে এক শিশুর মৃত্যু

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের সোনারদাইড় গ্রামের মোঃ লিফট মোল্লার পুত্র সিয়াম মোল্লা নামের (৪) বয়সী পানিতে ডুবে এক শিশুর মৃত্যু হয়েছে।

রবিবার দুপুর ১ টার দিকে সিয়াম হারিয়ে যায়। প্রায় ২ ঘন্টা যাবত অনেক খুঁজাখুঁজির পর হঠাৎ নিজ বাড়ির পাশের একটা পুকুর থেকে সিয়ামের মৃত লাশ ভেসে উঠে। স্থানীয় লোকজন সিয়ামের লাশ পুকুর থেকে উদ্ধার করে। সিয়ামের এই অকাল মৃত্যুতে তার পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে ।

জীবননগরে সাংবাদিক মিঠুন মাহমুদের জন্মদিন পালিত

জীবননগরে সাংবাদিক মিঠুন মাহমুদের ২৮তম জন্মদিন পালিত হয়েছে। শনিবার বিকাল সাড়ে ৪টার সময় সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বলী ও সমৃদ্ধি যুব ফোরামের উদ্যোগে সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বলী, জীবননগর বন্ধু ফাউন্ডেশন (জেবিএফ)এর জীবননগর উপজেলার সভাপতি, দৈনিক সময়ের সমীকরণ, দৈনিক আমার সংবাদ এবং মাই টিভির প্রতিনিধি মিঠুন মাহমুদের জন্মদিন পালন করা হয়।

এ সময় ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আরীম সজল, ওয়েভ ফাউন্ডেশনের এস,ডি,ও সাজ্জাদ হোসেন, পাপিয়া খাতুন, স্বপ্না খাতুন, প্রলয়, যুব ফোরামের জিল্লু, হাসান নিলয়, ইয়ুথ এ্যাসেম্বলীর তুহিনুজ্জামান, ঐশ্বয সাহা, জীবননগর বন্ধু ফাউন্ডেশনের মফিজুল ইসলাম, সাদিয়া ইসলাম মাহিসহ কেডিকে ইউনিয়ন, সীমান্ত ইউনিয়ন, মনোহরপুর ইউনিয়ন ও উথলী ইউনিয়নের বিভিন্ন সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

জীবননগর হাইস্কুলে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

জীবননগর থানা পাইলট বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১০টার সময় জীবননগর থানা পাইলট বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জীবননগর থানা পাইলট বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক আবু ছালেহ মোহাম্মদ মুসার সভাপতিত্বে অভিভাবক সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, স্কুল কমিটির সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু।

এ সময় উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষক আব্দুস সামাদ,মতিয়ার রহমানসহ বিদ্যালয়ের, সহকারি শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকগন উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উদযাপন

‘মুজিববর্ষে পুলিশ নীতি, জনসেবা আর সম্প্রীতি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উদযাপিত হয়েছে।
জেলা পুলিশের আয়োজনে শনিবার সকালে সদর থানা চত্বর থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এতে জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাসহ কমিউনিটি পুলিশিং কমিটির নেতৃবৃন্দ অংশ নেয়। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সদর থানা চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়।

কমিউনিটি পুলিশিং কমিটির প্রধান সমন্বয়ক অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন জেলা কমিউনিটি পুলিশিং কমিটির সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, জেলা কমিউনিটি পুলিশিং কমিটির সভাপতি সাধারণ সম্পাদক কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল। অনুষ্ঠান সার্বিক তত্বাবধানে ছিলেন সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা।

আলোচনা সভায় বক্তারা সমাজ থেকে অন্যায়, অপরাধ দুর করতে কমিউনিটি পুলিশিং এর সহযোগিতা ও কমিটিকে সহায়তা করতে সকলের প্রতি আহ্বান জানান। আলোচনা সভা শেষে কমিউনিটি পুলিশিং কর্মকান্ডে অবদান রাখায় হরিণাকুন্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেনসহ ২ জনকে সম্মাননা প্রদাণ করা হয়।

স্ত্রীর সাথে কথা-কাটাকাটি, বৃদ্ধা মায়ের মাথা ফাটলেন ছেলে

আলমডাঙ্গা উপজেলায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জাহানারা বেগম (৬৫) নামে এক বৃদ্ধাকে বাশ দিয়ে মাথা ফাটিয়েছে তারই বড় ছেলে আব্বাস (৪৫)।

শুক্রবার সকাল সাড়ে ৮ টার দিকে আলমডাঙ্গা উপজেলায় ভাংবাড়ীয়া ইউনিয়নের খোরদ গ্রামে এঘটনা ঘটে।
আহত বৃদ্ধা জাহানারা বেগম ওই গ্রামের ঈদগাপাড়ার মৃত রবগুলের স্ত্রী। জাহানারা খাতুনের প্রথম ও দ্বিতীয়পক্ষের মোট ৯ টি সন্তান। একমাত্র মেয়ে ছাড়া কোন সন্তানই ভরপোষন দেন না বলেও অভিযোগ।

জাহানারা বেগমের দেবর আব্দুল মালেক বলেন, জাহানারা বেগমের সাথে পারিবারিক ছোটখাটো বিষয় নিয়ে মাঝেমধ্যেই ঝগড়া করে বড় ছেলে আব্বাদের স্ত্রী রেখার খাতুন। শুক্রবার সকালে জমিজমা সংক্রান্ত ও সাংসারিক বিষয়ে কথা-কাটাকাটি হয় রেখার সাথে। নিজের স্ত্রীর সাথে কথা-কাটাকাটি দেখে উত্তেজিত হয়ে পড়ে আব্বাস। পরে বাশ দিয়ে বৃদ্ধা মায়ের মাথায় আঘাত করলে মাটিতে লুটিয়ে যান তিনি। পরে স্থানীয়রা বৃদ্ধা জাহানারা বেগমকে দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর

হাসপাতালে ভর্তি করেন।

স্থানীয় ইউপি সদস্য গিয়াস উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, জাহানারা বেগমের প্রথম ও দ্বিতীয় পক্ষের ৯ সন্তান। তার মধ্যে একমাত্র একটা মেয়ে তার কিছুটা দেখাশোনা করে। শুক্রবার সকালে সাংসারিক বিষয়ে আব্বাসের স্ত্রীর সাথে কথা-কাটাকাটি হয় বৃদ্ধা জাহানারা বেগমের। এতে আব্বাস তার বৃদ্ধা মাকে বাশ দিয়ে মাথায় আঘাত করে। এতেই তার মাথা ফেটে যায়। এটা আসলেই ন্যাক্কারজনক ঘটনা। ওই আব্বাস দূষ্টু প্রকৃতির। এঘটনার পর আব্বাস পলাতক আছে। তিনি আরও বলেন, ওই বৃদ্ধাকে বিধবা ভাতার আওতাভুক্ত করা হয়েছে। আব্বাসকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া উচিত।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাকিল আর সালান বলেন, ওই বৃদ্ধার মাথায় গভীরভাবে ক্ষত হয়েছে। সেখানে ৪ টি সেলাই দেয়া হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তি করে পর্যবেক্ষণে রাখা হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) তুহিন উজ্জামান বলেন, আমরা এ বিষয়ে এখনো কিছু শুনিনি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।